



সুকান্ত মহাবিদ্যালয়

ধূপগুড়ি, জলপাইগুড়ি

বিজ্ঞপ্তি

তারিখ : ১৮.০৩.২০২৫

এই বিজ্ঞপ্তি মারফত ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে জানানো যাচ্ছে যে, আগামী ২৫ মার্চ, ২০২৫ তারিখ মহাবিদ্যালয়ে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এই অনুষ্ঠানে বিশিষ্ট স্থানীয় শিল্পীদের পাশাপাশি তোমাদেরও বড় রকমের অংশগ্রহণ থাকছে। আর সেজন্যে কলেজের সাংস্কৃতিক উপসমিতির তত্ত্বাবধানে আগামী ২১ ও ২২ মার্চ নাচ-গান-কবিতা পাঠ ইত্যাদি সাংস্কৃতিক প্রতিযোগিতার যে ব্যবস্থা করা হয়েছে তাতে তোমাদের সাগ্রহ অংশগ্রহণের আহ্বান জানানো হচ্ছে। এই প্রতিযোগিতায় প্রথম-দ্বিতীয়-তৃতীয় স্থানাধিকারী কৃতিদের ২৫ মার্চের সাংস্কৃতিক অনুষ্ঠানে শংসাপত্র ও পুরস্কার দেওয়া হবে এবং সংগীত-নৃত্য ইত্যাদি পরিবেশনের-ও প্রশস্ত সুযোগ থাকবে।

প্রতিযোগিতা

গান । নাচ । কবিতা পাঠ । অঙ্কন । বিতর্ক

- গান :- (ক) রবীন্দ্রগীতি, (খ) নজরুলগীতি (গ) ভাওয়াইয়া (ঘ) গজল (ঙ) ভজন (চ) আধুনিক গান (একজন প্রতিযোগী সর্বোচ্চ তিনটি ধারার গানে অংশগ্রহণ করতে পারবে।)
- রবীন্দ্র নৃত্য (একক)
- কবিতা পাঠ :- জীবনানন্দ দাশের 'বনলতা সেন' অথবা নীরেন্দ্র নাথ চক্রবর্তীর 'আবহমান'
- অঙ্কন :- বিষয়- 'বসন্ত' (সময়-১.৩০ ঘন্টা) (শুধুমাত্র কাগজ সরবরাহ করা হবে। আঁকার সামগ্রীসমূহ প্রতিযোগীদের আনতে হবে।)
- বিতর্ক (সময়-৫মিনিট) বিষয় :- সভার মতে - বর্তমান উচ্চ শিক্ষায় (স্নাতকস্তরে) ছাত্র-ছাত্রীদের ব্যাপক অকৃতকার্যতার মূলে ক্রটিপূর্ণ পাঠ্যক্রমই সমধিক দায়ী। (নাম জমা দেওয়ার সময় বিতর্ক-বিষয়ে পক্ষে অথবা বিপক্ষে বলবে তার উল্লেখ থাকা জরুরি।)

প্রতিযোগিতার সময়সূচি

- ২১ মার্চ, বেলা ১২টা - গান (রুম নং- বি ০০৪)
- ২১ মার্চ, বেলা ১২টা - অঙ্কন (রুম নং- সি ০০২)
- ২১ মার্চ, দুপুর ২টো - কবিতা পাঠ (রুম নং- বি ২০৬)
- ২২ মার্চ, বেলা ১২টা - নৃত্য (রুম নং- বি ০০৪)
- ২২ মার্চ, বেলা ১.৩০ - বিতর্ক (রুম নং- বি ০০৪)

প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্যে নিম্নলিখিত অধ্যাপকদের সঙ্গে যোগাযোগ করতে বলা হচ্ছে।

- ১। মলয় গোস্বামী (৮২৫০১১৯৮৮১)
- ২। সুশান্ত কর (৭৯০৮০১৯৭৩৫)
- ৩। নারায়ণ চন্দ্র জানা (৯৪৭৪৭১৯০২৯)

** বি.দ্র. :- নাম জমা দেওয়ার শেষ তারিখ ২০ মার্চ, ২০২৫

(Handwritten Signature)
১৮.৩.২৫

অধ্যক্ষ
সুকান্ত মহাবিদ্যালয়
Principal
Sukanta Mahavidyalaya
Dhupguri, Jalpaiguri